প্রেস বিজ্ঞপ্তি
তারিখ: ০৬ জুন, ২০২২
“অ-প্রাতিষ্ঠানিক খাতের নারীশ্রমিকদের সামাজিক ও অর্থনৈতিক ন্যায়বিচার সুনিশ্চিত করা” শীর্ষক লবি মিটিং

# ব্যক্তিগত পরিচর্যা এবং স্বাস্থ্যসেবায় নিয়োজিত নন-ক্লিনিক্যাল কর্মীদের ইস্যুটি সামনে তুলে এনেছে ‘নারীশ্রমিক কন্ঠ

নারীশ্রমিক কন্ঠ আজ ০৬ জুন, ২০২২ সকাল ১১:০০ ঘটিকায় “অ-প্রাতিষ্ঠানিক খাতের নারীশ্রমিকদের সামাজিক ও অর্থনৈতিক ন্যায়বিচার সুনিশ্চিত করা” শীর্ষক লবি মিটিং-এর আয়োজন করে।

নারীশ্রমিক কন্ঠে’র আহ্বায়ক শিরীন আখতার, এমপি’র সভাপতিত্বে এবং কর্মজীবী নারী’র নির্বাহী পরিচালক রোকেয়া রফিক’র সঞ্চালনায় লবি মিটিংয়ে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আরোমা দত্ত এমপি, উম্মে কুলসুম স্মৃতি এমপি, সৈয়দা রুবিনা আক্তার এমপি, নাদিরা ইয়াছমিন জলি, এমপি। সভায় আলোচক হিসেবে উপস্থিত ছিলেন ড. হামিদা হোসেন, আহবায়ক, শ্রমিক নিরাপত্তা ফোরাম (এসএনএফ), ড. সেলিনা আক্তার, অতিরিক্ত সচিব,শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ড. মোছাম্মৎ মুসলিমা মুন, অতিরিক্ত পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, একেএম নাসিম, এ্যাডভোকেট, সুপ্রিম কোর্ট, রাজ্জেকুজজামান রতন, সভাপতি, সমাজতান্ত্রিক শ্রমিক ফ্রন্ট, আরিফা এস আলম, কর্মসূচি সমন্বয়ক,এফইএস, সানজিদা সুলতানা, অতিরিক্ত নির্বাহী পরিচালক, কর্মজীবী নারী। সভায় ধারনাপত্রটি উপস্থাপন করেন ড. জাকির হোসেন, অধ্যাপক, আইবিএস, রাজশাহী বিশ্ববিদ্যালয়। অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য রাখেন ফেলিক্স কোলবিজ, কান্ট্রি ডিরেক্টর, এফইএস, বাংলাদেশ।

আলোচকবৃন্দ বলেন, অপ্রাতিষ্ঠানিক ক্ষেত্রের পরিধি এখন আরও বিস্তৃত হচ্ছে। এই খাতের শ্রমিকেরা দেশের অর্থনীতিতে একটি বৃহৎ ভূমিকা রেখে চলেছে

কিন্তু তারা অধিকার সম্পর্কিত সুবিধাগুলি থেকে বঞ্চিত। বিশেষ অতিথিদের বক্তব্যে সংসদসদস্যগণ বলে, কর্মজীবী নারী'কে ধন্যবাদ জানাই এই দুটি গুরুত্বপূর্ণ ইস্যুকে সামনে নিয়ে আসার জন্য। বিউটি পার্লার সেক্টরে নারীদের একটা বড় কর্মসংস্থান তৈরি হচ্ছে। অন্যদিকে নন-ক্লিনিক্যাল স্বাস্থ্যকর্মীদের কাজেরও প্রসার হচ্ছে। এই জন্য এই খাতগুলির নারীশ্রমিকদের অধিকার বিষয়ক প্রচার বাড়াতে হবে। এই ইস্যুতে নীতি-নির্ধারক, মালিকপক্ষদের অংশগ্রহণ সম্পৃক্ত করতে হবে।
আলোচক প্যানেলের বক্তারা বলেন, গৃহকর্মীদের শ্রমের বিনিময় মূল্য খুব কম। তাদের জন্য একটি নির্দিষ্ট বেতন কাঠামো তৈরি করা অপরিহার্য। মালিকদের জন্য তাদের কর্মীদের অধিকার সম্পর্কে জানাতে প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ড. সেলিনার আক্তার বলেন, অপ্রাতিষ্ঠানিক খাতের কর্মীদের নিয়ে গবেষণার কাজ বাড়াতে হবে এবং তাদের অবস্থা ও অবস্থানের বিষয়টি সরকার-মালিকের গোচরে নিয়ে আসতে এবং তাদের শ্রমকে প্রাতিষ্ঠানিক রূপ দিতে নিয়ম-বিধিতে অন্তর্ভুক্ত করতে হবে।

সভাপতির বক্তব্যে নারীশ্রমিক কণ্ঠে'র সমন্বয়ক শিরীন আখতার এমপি, বলেন, অপ্রাতিষ্ঠানিক খাতের ব্যক্তিগত পরিচর্যা এবং স্বাস্থ্যসেবায় নিয়োজিত নন-ক্লিনিক্যাল কর্মীদের ইস্যুটি নীতি-নির্ধারক পর্যায়ে নিয়ে যাওয়ার জন্য রাজনৈতিক সদিচ্ছার প্রয়োজন আছে। যে মেয়েগুলি আমাদের সাজিয়ে তুলছে তাদেরকে কে সাজাবে, যারা আমাদের সুস্থ থাকার জন্য পরিচর্যা করছে তাদেরকে কে সুস্থ রাখবে ? তিনি বলেন, সংসদীয় অধিবেশনে এই বিষয়টি তুলে ধরতে হবে এবং এই অর্থ বছরের বাজেটে এই খাতগুলি অন্তর্ভুক্ত করতে হবে।

কর্মজীবী নারী নারীশ্রমিক কণ্ঠে'র প্লাটফর্মে ব্যক্তিগত পরিচর্যা ও স্বাস্থ্যসেবায় নিয়োজিত নন-ক্লিনিক্যাল কর্মীদের নিয়ে একটি গবেষণা করে ।

আজকে সেই গবেষণার সুপারিশে বলা হয় : কর্মসংস্থান বাড়াতে হবে, শোভন কাজ নিশ্চিত করতে হবে, কর্মীদেও প্রশিক্ষণ ও দক্ষতা বাড়াতে হবে, কর্মক্ষেত্রে নিরাপত্তা নিশ্চিত করতে হবে।

হাছিনা আক্তার
সমন্বয়ক

কর্মজীবী নারী,
যোগাযোগ: হাছিনা আক্তার (০১৭১২৪৭৯৫০১)